রেজিস্ট্রার

রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী

# 'বিজ্ঞপ্তি'

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের কর্তব্য ছুটি প্রদানের নীতিমালা সময়োপযোগীকরণ সম্পর্কিত কমিটির সুপারিশ, ৩১-০১-২০২৩ তারিখে অনুষ্ঠিত ২৫৭তম শিক্ষা পরিষদ সভার ৮০নং সিদ্ধান্তে সুপারিশকৃত, ২২-০২-২০২৩ তারিখে অনুষ্ঠিত ফাইন্যান্স কমিটির ৫৬৩তম সভার ৩৮নং সিদ্ধান্তে সুপারিশকৃত এবং ২৬-০২-২০২৩ তারিখে অনুষ্ঠিত ৫২০তম সিন্ডিকেট সভার ২ ও ৩নং সিদ্ধান্তে অনুমোদিত রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের কর্তব্য ছুটি এবং টি.এ/ডি.এ সংক্রান্ত বিধিসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এসদসঙ্গে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

০৫/৪/২০২৩

(প্রফেসর মো. আবদুস সালাম)
রেজিস্ট্রার
রাজশাহী বিশ্ববিদ্যালয়

নং- ৬এ-১১৩৯/পার্ট/স.শা./ ...১০৬৯..... (১৫০) তারিখ : ০৫/০৪/2026

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. ডীন, কলা/আইন/বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/বিজনেস স্টাডিজ/জীব বিজ্ঞান /কৃষি অনুষদ/চারুকলা/প্রকৌশল অনুষদ/ভূ-বিজ্ঞান/ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ/ ফিশারীজ অনুষদ, রা.বি.
২. প্রাধ্যক্ষ, শেরে বাংলা ফজলুল হক / শাহ্ মখদুম / নবাব আব্দুল লতিফ / সৈয়দ আমীর আলী / শহীদ শামসুজ্জোহা / শহীদ হবিবুর রহমান /মতিহার / মাদার বখ্শ / হোসেন শহীদ সোহরাওয়ার্দী / শহীদ জিয়াউর রহমান / বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান/ মন্নুজান/ রোকেয়া / তাপসী রাবেয়া /বেগম খালেদা জিয়া / রহমতুন্নেসা হল/ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা হল, রা.বি.
৩. সভাপতি, দর্শন / ইতিহাস / ইংরেজী / বাংলা / ইসলামের ইতিহাস ও সংস্কৃতি / আরবী / ইসলামিক স্টাডিজ / ফোকলোর / নাট্যকলা / সঙ্গীত / আইন / গণিত / পদার্থ বিজ্ঞান / রসায়ন / পরিসংখ্যান / ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল / প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান / ফার্মেসী / কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং / ফলিত গণিত/ পপুলেশন সায়েন্স এন্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট / ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং / ম্যাটেরিয়াল্স সায়েন্স এন্ড টেকনোলজি / হিসাব বিজ্ঞান ও তথ্য ব্যবস্থা / ম্যানেজমেন্ট স্টাডিজ / মার্কেটিং / ফাইন্যান্স / অর্থনীতি / রাষ্ট্রবিজ্ঞান / সমাজকর্ম / সমাজবিজ্ঞান / গণযোগাযোগ ও সাংবাদিকতা / লোকপ্রশাসন / গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান / নৃবিজ্ঞান / ভূগোল ও পরিবেশবিদ্যা / মনোবিজ্ঞান / উদ্ভিদবিজ্ঞান / প্রাণিবিদ্যা / ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা / জেনেটিক্স ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি / এগ্রোনমী এন্ড এগ্রিকালচারাল এক্সটেনশন / ফিশারীজ / ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস / ক্রপ সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগ/ আন্তর্জাতিক সম্পর্ক/ ব্যাংকিং ও ইনস্যুরেন্স/ আইন ও ভূমি প্রশাসন/ চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র/ মৃৎশিল্প ও ভাস্কর্য/ গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস/শারিরীক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান/ চিকিৎসা মনোবিজ্ঞান/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ফারসি ভাষা ও সাহিত্য/ উর্দু/সংস্কৃত/ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট / মাইক্রোবায়োলজি বিভাগ, রা.বি.
৪. প্রক্টর / ছাত্র-উপদেষ্টা, রা.বি.
৫. পরিচালক, আইবিএস/ ইবাসা / আইবিএ / আইইআর / আইইএস/ ইনঃ অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজ/ ভিআরএম/পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর/সেন্ট্রাল সায়েন্স ল্যাব./ শরীরচর্চা শিক্ষা বিভাগ / টিএসসিসি / আইসিটি সেন্টার/ আইকিউএসি/আরকাইভস/ অফিস অব দি ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স/ ক্যারিয়ার কাউন্সিলিং ডেভেলপমেন্ট/ প্রধান নির্বাহী পরিচালক (সিইও), রা.বি. স্যুভেনির শপ, রা.বি.
৬. প্রশাসক, ছাপাখানা / বিজ্ঞান কারিগরী কারখানা / গ্রন্থগার / জনসংযোগ / পরিবহণ /লিগ্যাল সেল/ কেন্দ্রীয় ক্যাফেটরিয়া, রা.বি.
৭. পরীক্ষা নিয়ন্ত্রক / হিসাব পরিচালক / প্রধান প্রকৌশলী / প্রধান চিকিৎসক, রা.বি.
৮. ওয়ার্ডেন, শহীদ মীর আব্দুল কাইয়ুম ইন্টারন্যাশনাল ডরমিটরী, রা.বি.
৯. অতিরিক্ত রেজিস্ট্রার, রাজশাহী বিশ্ববিদ্যালয়।
১০. কিউরেটর, শহীদ স্মৃতি সংগ্রহশালা, রা.বি.
১১. উপ-রেজিস্ট্রার, ( শিক্ষক/ অফিসার / সহায়ক কর্মচারী / সাধারণ কর্মচারী ইউনিট ) উপাচার্য দপ্তর/ উপ-উপাচার্য দপ্তর-১/ উপ-উপাচার্য দপ্তর-২/কোষাধ্যক্ষ দপ্তর / রেজিস্ট্রার দপ্তর / একাডেমিক শাখা / পরিষদ শাখা / অডিট সেল / স্টুয়ার্ড শাখা / প্রকাশনা দপ্তর/ মহাফেজখানা / কৃষি প্রকল্প / এস্টেট দপ্তর/ কেন্দ্রীয় ভান্ডার / বীমা ইউনিট/ টাইপ শাখা/ কেন্দ্রীয় পত্র প্রেরণ শাখা/ তথ্যসেল, রা.বি.
১২. অফিসার কমান্ডিং, বিএনসিসি / অধ্যক্ষ, রা.বি. স্কুল / পেশ ইমাম, কেন্দ্রীয় জামে মসজিদ, রা.বি.
১৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, টেলিফোন অফিস, রা.বি.
১৪. অফিস কপি।

০৫.০৪.2026

(ড. শেখ সা'দ আহমেদ)
অতিরিক্ত রেজিস্ট্রার
রাজশাহী বিশ্ববিদ্যালয়

Aminul/Dep...Chair...

## টি.এ/ডি.এ. সংক্রান্ত বিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কর্মরত শিক্ষকগণকে সেমিনার/সিম্পোজিয়াম/কনফারেন্স/কর্মশালা/প্রদর্শনী/জাতীয় পর্যায়ে বিষয়ভিত্তিক ও অন্যান্য সমজাতীয় কার্যক্রমে অংশগ্রহণ করার জন্য নিম্নবর্ণিত শর্তে এক অর্থবছরে দেশের অভ্যন্তরে ২ (দুই) বার এবং বিদেশে ১ (এক) বার কর্তব্যছুটিসহ প্রচলিত নিয়মে টি.এ/ডি.এ. প্রদান করা যেতে পারে।

১। উল্লেখিত কার্যক্রমে অংশগ্রহণের পূর্বেই কর্তব্যছুটির অনুমোদন নিতে হবে।

২। নিজ নামে আমন্ত্রণপত্র/ই-মেইল/ফ্যাক্স থাকতে হবে।

- বিষয়ভিত্তিক সমিতির কার্যক্রমের সাধারণ আমন্ত্রণপত্র হলে সেটিতে বিভাগীয় সভাপতির সুপারিশ থাকতে হবে এবং সমিতির আমন্ত্রণে অংশগ্রহণে ইচ্ছুক বিভাগীয় শিক্ষক সংখ্যার উল্লেখ থাকতে হবে। ক্লাশ চলাকালিন একই বিভাগ/ইনস্টিটিউট থেকে সর্বোচ্চ শতকরা ৫০ ভাগ শিক্ষক একই সময়ে নিজস্ব বিষয়ভিত্তিক সমিতির কার্যক্রমে এবং এক-তৃতীয়াংশ অন্যান্য কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন। তবে ছুটিকালিন এই শর্তটি শিথিল করা যেতে পারে।
- সমিতি/কনফারেন্স/সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রদর্শনী/জাতীয় কমিটি-এর কার্যকরী পরিষদের সদস্য হিসেবে দায়িত্ব পালন/টেকনিক্যাল সেশনের দায়িত্ব পালন/প্রবন্ধ উপস্থাপন বা পোষ্টার প্রদর্শন/মূল প্রবন্ধ উপস্থাপন/মূখ্যবক্তা হিসেবে দায়িত্ব পালন করতে হবে।

৩। সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রদর্শনী/সংশ্লিষ্ট জাতীয় কার্যক্রমে অংশগ্রহণের প্রত্যয়নপত্র এবং গৃহীত ও উপস্থাপিত প্রবন্ধের সার-সংক্ষেপ/পোষ্টারের স্বাক্ষরিত কপি জমা দিতে হবে।

৪। সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রদর্শনী/সংশ্লিষ্ট জাতীয় কার্যক্রমে অংশগ্রহণের জন্য কোন টি.এ./ডি.এ./ভাতা/সম্মানী প্রদান করা হয়নি বা হবে না মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পত্র জমা দিতে হবে।

৫। শধুমাত্র প্রভাষকগণ সমিতি/ কনফারেন্স/সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রদর্শনী/জাতীয় কমিটি-এর কার্যকরী পরিষদের সদস্য/ টেকনিক্যাল সেশনের দায়িত্ব পালন/ প্রবন্ধ উপস্থাপন বা পোষ্টার প্রদর্শন/মূল প্রবন্ধ উপস্থাপন/মূখ্যবক্তা হিসেবে দায়িত্ব পালন ব্যতিরেকেও কর্তব্যছুটিসহ কার্যক্রমে অংশগ্রহণ ও এক অর্থবছরে দেশে দুইবার টি.এ/ডি.এ. প্রাপ্য হবেন।

বি:দ্রঃ উপরোল্লিখিত বিধিসমূহ সিন্ডিকেট সভায় অনুমোদনের তারিখ অর্থাৎ ২৬.০২.২০২৩ তারিখ থেকে কার্যকর হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে পূর্বের বিধিসমূহ রহিত/বাতিল বলে গণ্য হবে।

---

**Ref.** শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের কর্তব্য ছুটি প্রদানের নীতিমালা সময়োপযোগীকরণ সম্পর্কিত কমিটির সুপারিশ, ৩১.০১.২০২৩ তারিখে অনুষ্ঠিত ২৫৯তম শিক্ষা পরিষদ সভার ৮০ নং সিদ্ধান্তে সুপারিশকৃত, ২২.০২.২০২৩ তারিখে অনুষ্ঠিত ফাইন্যান্স কমিটির ৫৬৩তম সভার ৩৮ নং সিদ্ধান্তে সুপারিশকৃত এবং ২৬.০২.২০২৩ তারিখে অনুষ্ঠিত ৫২০তম সিন্ডিকেট সভার ২ ও ৩ নং সিদ্ধান্তে অনুমোদিত।

৫/৪/২০২৩

প্রফেসর মো. আবদুস সালাম
রেজিস্ট্রার
রাজশাহী বিশ্ববিদ্যালয়

০৫.০৪.২০২৩

ড. শেখ সা'দ আহমেদ
অতিরিক্ত রেজিস্ট্রার
রাজশাহী বিশ্ববিদ্যালয়
ফোনঃ ০৭২১-৭৫০১৮২

## শিক্ষাসফর/ফিল্ডওয়ার্ক/ব্যবহারিক শিক্ষা প্রশিক্ষণসহ আনুসঙ্গিক দায়িত্ব পালনের জন্য কর্তব্যছুটি এবং টি.এ./ডি.এ. সংক্রান্ত বিধি

১। (ক) "রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রতিটি বিভাগে/ইনস্টিটিউটে প্রতিটি শিক্ষাবর্ষে শিক্ষাসফর/ফিল্ডওয়ার্ক/ ব্যবহারিক শিক্ষা প্রশিক্ষণ একাডেমিক কারিকুলামে বাধ্যতামূলক না করে শুধুমাত্র স্নাতক/স্নাতক (সম্মান) কোর্সে ১ (এক) বার এবং প্রয়োজনে স্নাতকোত্তর কোর্সে ১ (এক) বারসহ মোট ২ (দুই) বার অনুষ্ঠিত করতে পারবে। সেই সাথে যেসব বিভাগে কারিকুলামে ২ (দুই) বা ততোধিক বর্ষে ফিল্ডওয়ার্ক বাধ্যতামূলক রয়েছে সেসব বিভাগ কারিকুলাম অনুযায়ী তাদের নির্দিষ্ট বর্ষে ফিল্ডওয়ার্ক অনুষ্ঠিত করবে।"

(খ) শিক্ষসফর বা ফিল্ডওয়ার্ক/ব্যবহারিক শিক্ষা প্রশিক্ষন-এর বিষয় বিভাগ/ইনস্টিটিউটের নিজ নিজ কারিকুলামে (কোর্স নম্বর/ক্রেডিট/সময়কালসহ) সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে এবং শিক্ষাসফর বা ফিল্ডওয়ার্ক/ব্যবহারিক শিক্ষা প্রশিক্ষণ শিক্ষণীয় স্থানে প্রশিক্ষন ও একাডেমিক উদ্দেশ্য সাধনের লক্ষ্যে অনুষ্ঠিত করতে হবে। শিক্ষাসফর/ফিল্ডওয়ার্ক/ব্যবহারিক শিক্ষা প্রশিক্ষণ সম্পন্ন হলে প্রতি শিক্ষার্থী তত্ত্বাবধায়ক/সভাপতির মাধ্যমে নিজ নিজ প্রতিবেদন মূল্যায়নের জন্য পরীক্ষা কমিটিকে জমা দিবে। সংশ্লিষ্ট তত্ত্বাবধায়কগণ প্রতিবেদন প্রণয়নে শিক্ষার্থীকে সহায়তা এবং তার ফিল্ড সম্পর্কিত কর্মদক্ষতা ও প্রতিবেদন মূল্যায়ন করবেন।

২। (ক) দেশের অভ্যন্তরে শিক্ষা সফর/ফিল্ডওয়ার্ক/ব্যবহারিক শিক্ষা প্রশিক্ষন (এক্সকারশন/ইন্টার্ণশীপ/শিল্প প্রতিষ্ঠান ও কারখানা/ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পেশাগত ইন্টার্ণশীপ ও প্রশিক্ষণ ও গবেষণা প্রকল্প নমুনা ও তথ্যসংগ্রহ) এর তত্ত্বাবধানের জন্য প্রতি বছরে/প্রতি শিক্ষাবর্ষে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুর্দ্ধ ২ (দুই) জন শিক্ষক অনধিক ১০ (দশ) দিনের জন্য বিধি মোতাবেক প্রচলিত নিয়মে কর্তব্যছুটি এবং টি.এ./ডি.এ. প্রাপ্য হবেন। শিক্ষার্থীদের এতদ্‌সংশ্লিষ্ট কাজে সহায়তার জন্য ১ (এক) জন ফিল্ড অফিসার/নমুনা সংগ্রহকারী (যদি থাকে) অথবা তৃতীয়/চতুর্থ শ্রেণীর একজন কর্মচারী/গবেষণাগার পরিচারক উল্লেখিত কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন এবং তাঁকে অনধিক ১০ (দশ) দিনের জন্য প্রচলিত নিয়মে কর্তব্যছুটিসহ টি.এ/ডি.এ. প্রদান করা যেতে পারে। দেশের বাইরে শিক্ষা সফর/ফিল্ডওয়ার্ক/ ব্যবহারিক শিক্ষা প্রশিক্ষণের জন্য কর্তৃপক্ষের পূর্বানুমতি নিতে হবে এবং এর তত্ত্বাবধানের জন্য প্রতি শিক্ষাবর্ষে অনুর্দ্ধ ২ (দুই) জন শিক্ষক এবং সহায়তার জন্য ১ (এক) জন ফিল্ড অফিসার/নমুনা সংগ্রহকারী/কর্মচারী অনাধিক ১০ (দশ) দিনের জন্য বিধি মোতাবেক দেশের অভ্যন্তরের অনুরূপ কর্তব্যছুটিসহ টি.এ./ডি.এ. প্রাপ্য হবেন।

খ) উক্ত কর্তব্যছুটি ও টি.এ/ডি.এ. মঞ্জুরের জন্য বিভাগের একাডেমিক কমিটি অথবা ইনস্টিটিউটের ক্ষেত্রে ইনস্টিটিউট কমিটির সিদ্ধান্তের কপি, তত্ত্বাবধায়ক শিক্ষকগণের নাম, ফিল্ড অফিসার/নমুনা সংগ্রহকারী/কর্মচারী/গবেষণাগার পরিচারকের নাম এবং অনুমোদিত শিক্ষা সফর/ফিল্ডওয়ার্ক/ব্যবহারিক শিক্ষা প্রশিক্ষণের দৈনিক সফরসূচী উল্লেখ করে সংশ্লিষ্ট দপ্তরে পত্র পাঠাতে হবে।

গ) কোন সংগত কারণে ফিল্ডওয়ার্কের ক্ষেত্রে প্রয়োজনে ২ (দুই) জন তত্ত্বাবধায়কের অতিরিক্ত ১ (এক) জন শিক্ষককে তত্ত্বাবধায়ক মনোনীত করা হলে উক্ত শিক্ষককে টি.এ/ডি.এ. ব্যতিরেকে শুধুমাত্র কর্তব্যছুটি প্রদান করা হবে।

বি:দ্র: উপরিল্লিখিত বিধিসমূহ সিন্ডিকেট সভায় অনুমোদনের তারিখ অর্থাৎ ২৬.০২.২০২৩ তারিখ থেকে কার্যকর হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে পূর্বের বিধিসমূহ রহিত/বাতিল বলে গণ্য হবে।

---

**Ref.** শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের কর্তব্য ছুটি প্রদানের নীতিমালা সময়োপযোগীকরণ সম্পর্কিত কমিটির সুপারিশ, ৩১.০১.২০২৩ তারিখে অনুষ্ঠিত ২৫৯তম শিক্ষা পরিষদ সভার ৮০ নং সিদ্ধান্তে সুপারিশকৃত, ২২.০২.২০২৩ তারিখে অনুষ্ঠিত ফাইন্যান্স কমিটির ৫৬৩তম সভার ৩৮ নং সিদ্ধান্তে সুপারিশকৃত এবং ২৬.০২.২০২৩ তারিখে অনুষ্ঠিত ৫২০তম সিন্ডিকেট সভার ২ ও ৩ নং সিদ্ধান্তে অনুমোদিত।

৫/৪/২০২৩

প্রফেসর মো. আবদুস সালাম
রেজিস্ট্রার
রাজশাহী বিশ্ববিদ্যালয়

০৫.০৪.২০২৩

ড. শেখ সা'দ আহমেদ
অতিরিক্ত রেজিস্ট্রার
রাজশাহী বিশ্ববিদ্যালয়
ফোনঃ ০৭২১-৭৫০...